

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৮ জানুয়ারি ২০২৪খ্রি.

যানজট কমাতে ইপিজেডের নতুন সড়ক: মেয়র রেজাউল

ইপিজেডের যানজট কমাতে সাড়ে ১৪ কোটি টাকা ব্যয়ে সড়ক নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। দুই পাশে ফুটপাথ ও ড্রেনসহ নির্মাণাধীন সড়কটির দৈর্ঘ্য হবে ২৪০০ মিটার এবং প্রস্থ হবে ১১ মিটার। রোববার ৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহরের ইপিজেড মোড় হইতে চান্দারপাড়া ময়লার

ডিপো পর্যন্ত রেলবিট সড়ক নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে মেয়র বলেন, এই সড়কটি নির্মিত হলে ইপিজেড, আনন্দবাজার এবং আত্মবাদে যানজট কমবে। বিশেষ করে এ এলাকার কর্মজীবী মানুষের ভোগান্তি অনেকাংশে কমাতে এ সড়ক নির্মাণের ফলে। “আপনাদের মনে আছে আমি দায়িত্ব নিয়ে দেখলাম পিসি রোডের কাজ বন্ধ হয়ে আছে, মানুষ মারা যাচ্ছিল দুর্ঘটনায়। আমি নিজের উপর ঝুঁকি নিয়ে সেসময় দায়িত্বে অবহেলা করা ঠিকাদারদের বাতিল ও জরিমানা করে দ্রুত সময়ে পিসি রোড সম্পন্ন করেছি। এ ওয়ার্ডে ৬০ কোটি টাকার কাজ চলছে, আরো ১০০ কোটি টাকার প্রকল্প দিব। ষড়ঃ; সংসদ সদস্য এম এ লতিফ বলেন, যার হাতে নিরাপদ তার হাতেই প্রধানমন্ত্রী দায়িত্ব দেন। রেজাউল করিমকে প্রধানমন্ত্রী মেয়রের দায়িত্ব দিয়েছেন এবং প্রধানমন্ত্রী আমাকে চতুর্থবারের মতো এমপি মনোনয়ন দিয়েছেন। প্রধানমন্ত্রী মেয়র রেজাউলকে চট্টগ্রামকে চেলে সাজানোর জন্য আড়াই হাজার কোটি টাকার প্রকল্প দিয়েছেন। প্রকল্পের আওতায় আমার আসনে ব্যাপক উন্নয়ন হচ্ছে। অনুষ্ঠানে প্যানেল মেয়র আফরোজা জহুর, কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরী, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী শাহিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী মো. মোহাম্মদ ইমিনুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী মো. আলী, মঞ্জুর কাদের, জাহেদুল আলম, শফিকুল ইসলাম বাচ্চু, মো. এসহাক, মো. বেলাল উপস্থিত ছিলেন।

টিকা কার্যক্রম প্রযুক্তিভিত্তিক করতে চসিকের সাথে রবি'র চুক্তি স্বাক্ষর

টিকা কার্যক্রমকে প্রযুক্তিভিত্তিক করতে টেলিকম প্রতিষ্ঠান রবি#৩৯;র সাথে চুক্তি স্বাক্ষর করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। রোববার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর উপস্থিতিতে চসিকের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম ও রবি আজিয়াটা লিমিটেডের সহযোগী প্রতিষ্ঠান অ্যাকজেনটেকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আদিল হোসেন নোবেল চুক্তিতে স্বাক্ষর করেন। স্বাক্ষরিত এ চুক্তির আওতায় ২৪৫টি ডাটা সিম সরবরাহ করবে রবি, যেগুলো দিয়ে ট্যাবের

Establishment-1 Page no-2

মাধ্যমে ই-ট্রাফিকার ব্যবহার করে টিকা প্রদানের সমস্ত তথ্য ডিজিটালি সংরক্ষণ ও ব্যবহার করবে চসিক। ইউনিসেফের সহযোগিতায় ২২৮টি ট্যাবের মাধ্যমে আগের ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে টিকাদানের সব তথ্য ডিজিটালি সংগ্রহ করবে চসিক। পাশাপাশি একবার চসিক থেকে টিকা নিলে পরবর্তী টিকার ডোজের জন্য সেবাহীতার কাছে মোবাইলে মেসেজের মাধ্যমে আগাম সতর্কবার্তা যাবে এবং আধুনিকায়নের কারণে সঠিক সময়ে টিকা গ্রহণ নিশ্চিত করা যাবে। সভায় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন চৌধুরী, কাউন্সিলর নিহার উদ্দিন মঞ্জু, শফিকুল ইসলাম, আবুল হাসনাত মো. বেলাল, সচিব খালেদ

মাহমুদ, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, প্রধান রাজস্ব কর্মকর্তা নজরুল ইসলাম, প্রধান হিসাব কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইমাম হোসেন রানা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বুলন কুমার দাশ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮